IRDA Comic Book Bengali 22-02-2013 Job No. 2726 Volume 1

Bima Bemisaal



# রঞ্জন এবং বিমার সঙ্গে তার সফর

## গ্রাহক শিক্ষার প্রথম খণ্ড

(Bengali)

# সূচিপত্র

পৃষ্ঠা


| | |
|---|---|
| রঞ্জনের বিমা ওম্বাড্‌স্‌ম্যানের সন্ধান পাওয়া | 1 |
| রঞ্জন মোটর বিমার জন্য ব্রেক কষে | 2 |
| রঞ্জন ইউলিপ সম্পর্কে আরও বেশি শেখে | 3 |
| রঞ্জন উপলব্ধি করে যে সততাই শ্রেষ্ঠ পন্থা | 4 |
| রঞ্জন ‘‘আন্ডারইনসিয়োরেন্স’’ বুঝতে পারে | 5 |
| রঞ্জন এখন তার স্বাস্থ্য বিমা পলিসি অন্যত্র সরিয়ে নিতে পারে | 6 |
| রঞ্জন ফ্রি লুক পিরিয়ড সম্বন্ধে শেখে | 7 |
| রঞ্জন প্রোপোজাল ফর্ম পূরণ করে | 8 |
| রঞ্জন লাইসেন্সপ্রাপ্ত মধ্যস্থতাকারীদের সম্পর্কে জানে | 9 |
| রঞ্জন সার্ভেয়ারদের সম্পর্কে জানে | 10 |
| রঞ্জন প্রযুক্তির বিষয়ে সাধারণ জ্ঞান অর্জন করে | 11 |
| রঞ্জন ক্যাশলেস পরিষেবা সম্পর্কে জানে | 12 |

Bima Bemisaal

আই আর ডী এ irda

# রঞ্জনের বিমা ওম্বাড্স্ম্যানের সন্ধান পাওয়া

গত 7 বছর ধরে নিজের ও পরিবারের জন্য এক স্বাস্থ্য বিমা রয়েছে রঞ্জনের এবং এখন পর্যন্ত সে কোনো ক্লেইম করেনি। রঞ্জনের 60 বছর বয়সি অবসরপ্রাপ্ত পেনশনার বাবার ছানি অপারেশন করা প্রয়োজন। যদিও ক্যাশলেস সুবিধার জন্য থার্ড পার্টি অ্যাডমিনিস্ট্রেটরের প্রতি তার অনুরোধ স্বীকৃত হয়েছিল, তার এস্টি মেটেড ব্যয় টা. 40,000-এর পরিবর্তে অঙ্কটা টা. 20,000-তে সীমাবদ্ধ রাখা হয়। রঞ্জনের এটা সংশোধন করানোর চেষ্টা বিফল হয়।






Bima Bemisaal

আই আর ডী এ
irda

# রঞ্জন মোটর বিমার জন্য ব্রেক কষে

রঞ্জন একজন নিরাপদ ও আইন মান্যকারী গাড়ি-চালক। আজ সকালে সে অন্য দিনের মতোই কাজে বেরিয়েছে। যেইমাত্র সে অফিসের দিকে গাড়ি ঘোরাতে যাচ্ছে, এক হঠকারী বাইক চালক হঠাৎ গলি থেকে বেরিয়ে আসে। রঞ্জনের উপস্থিতবুদ্ধি ও সৌভাগ্যের ফলে সে যথাসময়ে ব্রেক ক'ষে এক বড় ধরনের দুর্ঘটনা এড়াতে পারে। অবাঞ্ছিত কিছু যে ঘটেনি তার জন্য সে ঈশ্বরকে ধন্যবাদ দিয়ে অফিসে ঢোকে। একই সময়ে একটা চিন্তাও তার মনে উদিত হয়। রঞ্জন ভাবতে থাকে যে দুর্ঘটনা ঘটে গেলে সে কীভাবে ক্ষতিপূরণের ব্যয় বহন করত, যদি তেমন প্রয়োজন দেখা দিত। তার বিমা পলিসি কোথায়? সেটা কি বৈধ? সে কাগজপত্র ঘেঁটে দেখে কিন্তু কোনো মোটর বিমা পলিসি খুঁজে পায় না।






Bima Bemisaal

# রঞ্জন ইউলিপ সম্পর্কে আরও বেশি শেখে

রঞ্জন হঠাৎ উপলব্ধি করে, যে-বাড়িটা সে এইমাত্র দেখেছে সেটা কেনার জন্য তার টাকার প্রয়োজন। সে তার পুঁজির হিসেব করে এবং দেখে যে এক্স বিমা কোম্পানির সঙ্গে তার একটা ইউনিট লিংক্‌ড বিমা পলিসি (ইউলিপ) রয়েছে। সে এটা সারেন্ডার করে নিজের টাকা ফেরত নেওয়ার সিদ্ধান্ত নেয়। সে বিমা কোম্পানিকে চিঠি লেখে এবং তাদের ডেকেও পাঠায়।






# রঞ্জন উপলব্ধি করে যে সততাই শ্রেষ্ঠ পন্থা

রঞ্জনের মা-বাবার বয়স বাড়ছে এবং তাঁদের ঘনঘন হাসপাতালে ভর্তি হওয়ার ব্যাপারটা তার উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। প্রতিবছর চিকিৎসার পেছনে তার মোট ব্যয়ের একটা বড় অংশ চলে যায়। সে কীভাবে বিল মেটানোর বিষয় সামলাবে? এক্সওয়াইজেড বিমা কোম্পানির এই বিজ্ঞাপনটা রঞ্জনের চোখে পড়ে যেখানে তাদের স্বাস্থ্য বিমা পলিসি নেওয়ার জন্য তারা মানুষকে অনুরোধ করেছে। রঞ্জন কোম্পানিটির কাছে যায়। বিক্রয়কর্মীরা তার অনুসন্ধানের জন্য খুশি হয় এবং আরও একটা পলিসি বিক্রি করতে আগ্রহী হয়।










Bima Bemisaal
আই আর ডী এ
irda
রঞ্জন ''আন্ডারইনসিয়োরেন্স'' বুঝতে পারে
রঞ্জন বিমার মাধ্যমে নিজেকে ও পরিবারকে সুরক্ষা দেওয়ার ব্যাপারে বিচক্ষণ হচ্ছে। মৃত্যুর ঝুঁকি, শারীরিক অক্ষমতা ও অসুস্থতা থেকে পর্যাপ্ত ভাবে সুরক্ষিত হওয়ার পর এখন সে নিশ্চিত করতে চায় যে তার কষ্ট কর পরিকল্পনা ও সঞ্চয়ের মাধ্যমে তৈরি নিজের বাড়ি ও তার ভিতরের সামগ্রী আগুন, বন্যা ও প্লাবন প্রভৃতির থেকে যেন সুরক্ষিত থাকে। তার এজেন্ট জ্ঞানসম্পন্ন ও দক্ষ এবং সম্পত্তিগুলো খুঁটিয়ে তালিকাবদ্ধ করে মূল্যায়নের জন্য তাকে পরামর্শ দেয়।
যে-পদ্ধতির আপনি পরামর্শ দিচ্ছেন তা খুবই শ্রমসাপেক্ষ। আমি বরং একটা থোক টাকার জন্য আমার সম্পত্তির বিমা করাব, কারণ আমার সমস্ত সম্পত্তি কখনো একসঙ্গে ক্ষতি বা লোকসানের সম্মুখীন হবে বলে আমি আশা করি না।
কিন্তু স্যার, পলিসি তো এভাবে কাজ করে না। নীতি এটাই যে আপনাকে অবশ্যই আপনার সম্পত্তি আগুন ও অন্যান্য ধ্বংসের বিরুদ্ধে হয় তার পুনঃসংস্থাপন মূল্যে (সম্পত্তিটি পুনঃসংস্থাপনের ব্যয় সহ মূল্য), যদি পলিসি তার অনুমতি দেয় এবং যদি আপনি তা করতে চান, অথবা তার বাজার মূল্যে (যেখানে পুনঃসংস্থাপন মূল্য থেকে অবচয় বাদ দেওয়া হয়) বিমা করাতে হবে। পয়েন্ট হচ্ছে আপনাকে ঝুঁকি যুক্ত সম্পূর্ণ সম্পত্তিই বিমা করাতে হবে এবং আপনি আলাদা করে নির্বাচন বা বাছাবাছি করতে পারবেন না।
সেটা অসম্ভব! আমি যা করতে চাই শুধু সেটাই বেছে নিয়ে বিমা করাতে পারব না কেন? আপনি কেবল বেশি কমিশন আয়ের চেষ্টা করছেন এবং আমাকে বিপথে পরিচালিত করছেন।
রঞ্জন অন্য একজনের দ্বারা প্রলোভিত হয়ে অভিমানবশে তার এজেন্ট পরিবর্তন করে, কারণ সেই ব্যক্তি দ্রুত কমিশন লাভের ওপর নজর রেখে এবং দীর্ঘমেয়াদে নিজের মক্কেলকে পরিষেবা প্রদানের অঙ্গীকার ছাড়াই চলতে চেয়ে রঞ্জনের দাবি মেনে নেয়। রঞ্জন তার টা. 15,00,000 মূল্যের বাড়ি ও তার ভিতরের জিনিসপত্র বাজার মূল্যের ভিত্তিতে মাত্র টা. 5,00,000-র অঙ্কে বিমা করায়। টেকনিক্যালি বলতে গেলে, সম্পত্তিটি তার মূল্যের 2/3 অংশ আন্ডারইনসিয়োর্ড অর্থাৎ হ্রাসমূল্যে বিমাকৃত।
ভাগ্যে যেমন লেখা ছিল, এক বিষণ্ণ সকালে প্রকৃতির রোষ রঞ্জনের শহরের ওপর ঝাঁপিয়ে পড়ে সর্বত্র বন্যা ও প্লাবন ঘটায়।
রঞ্জন শ্রী এক্সকে (ইনসিয়োরেন্স এজেন্ট) জানায় যে তার বাড়ি ও জিনিসপত্রের একটা বড় অংশের ক্ষতি হয়েছে। এস্টি মেট হচ্ছে টা. 2 লক্ষ। বিমা কোম্পানি দ্রুত ও দক্ষতার সঙ্গে ক্ষতির পরিমাপ করায়। ক্ষতির হিসেব দাঁড়ায় টা. 1,50,000। কিন্তু রঞ্জন যেহেতু গুরুতর আন্ডারইনসিয়োর করিয়েছিল, সেহেতু মাত্র টা. 50,000 ক্লেম অফার করে। রঞ্জন আহত বোধ করে।
ক্ষতির পরিমাণ যখন টা. 1,50,000 তখন আপনারা কীভাবে আমাকে মাত্র টা. 50,000 দিতে পারেন? মনে রাখবেন, আমি টা. 5 লক্ষের জন্য বিমাকৃত। আপনারা আমাকে ঠকানোর চেষ্টা করছেন।
কিন্তু স্যার, সার্ভেয়ার আপনার সম্পত্তির মূল্য টা. 15,00,000 নির্ধারণ করেছেন, যেখানে আপনি এটা মাত্র টা. 5,00,000-এ বিমা করিয়েছেন, আর সেটা করে টা. 10,00,000 মূল্যের ওপর প্রিমিয়াম বাঁচিয়েছেন। সুতরাং, লোকসানও আপনাকে আনুপাতিক হারে বহন করতে হবে। দয়া করে আপনাকে ইস্যু করা পলিসিতে ''কন্ডিশন অব অ্যাভারেজ'' অর্থাৎ গড়ের শর্ত শিরোনামের ধারাটা দেখুন।
রঞ্জনের অকস্মাৎ মনে পড়ে যায় মূল এজেন্ট তাকে কী বলেছিল। সে যদি তার পরামর্শ গ্রহণ করত তাহলে আজ এই পরিস্থিতির সম্মুখীন হতে হত না।
মনে রাখুন! আপনি যখন বিমা পলিসি নেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেন তখন পলিসিটি বোঝার জন্য যে-সময় ব্যয় করা উচিত সেটা সঠিকভাবে ব্যয় করুন। কোনো বিমা পলিসি কেনার সময় অবশ্যই পলিসির বিধি ও শর্তাবলি বুঝে নেওয়ার চেষ্টা করতে হবে যাতে শুধু আপনার অধিকারই নয়, সেইসঙ্গে আপনার কর্তব্য সম্পর্কেও অবহিত হতে পারেন।


Bima Bemisaal
আই আর ডী এ
irda
রঞ্জন এখন তার স্বাস্থ্য বিমা পলিসি অন্যত্র সরিয়ে নিতে পারে
এক্সওয়াইজেড দ্বারা তার স্বাস্থ্য বিমা পলিসির পরিষেবায় রঞ্জন হতাশ, কিন্তু পলিসিটির অধীনে যে-সব ক্রেডিট জমা হয়েছে তা হারানোর ভয়ে সে পলিসিটা ধরে রাখে। অবশ্য এই বিমা কোম্পানির অপটুতায় সে নিরাশ বোধ করে। এক সন্ধ্যায় সে তার বন্ধু মোহনের সঙ্গে চা খেতে খেতে এ-বিষয়ে অসন্তুষ্টি ব্যক্ত করে।
মোহন, আমার স্বাস্থ্য বিমা পলিসি এক্সওয়াইজেড কোম্পানির কাছে আটকে রয়েছে, যাদের পরিষেবা প্রতি বছরই আরও খারাপ হয়ে চলেছে।
তুমি অখুশি হলে ওই বিমা কোম্পানির সঙ্গে থাকছো কেন? তুমি কি জানো না যে স্বাস্থ্য বিমা পলিসি এখন অন্যত্র সরিয়ে নেওয়া যায়?
তুমি কী বলতে চাইছ, আমি কি আমার পুরনো পলিসি নতুন বিমা কোম্পানির কাছে নিয়ে যেতে পারি?
হ্যাঁ! যখন আমি বলেছি যে তোমার পলিসি অন্যত্র সরিয়ে নেওয়া যায় অর্থাৎ ''পোর্টেব্ল'', তার অর্থ হল তুমি পূর্বে-বহাল শর্তাবলি অনুযায়ী লব্ধ ক্রেডিট এবং সময়-নির্দিষ্ট বর্জনসমূহও স্থানান্তর করতে পারো, যদি তুমি বিমাকারী অথবা প্ল্যান পরিবর্তন করা মনস্থ করো, অবশ্য তোমার আগের পলিসি কোনোরকম ব্রেক ছাড়াই বজায় রাখা হলে অর্থাৎ ব্যাহত না-হলে।
পলিসিতে ব্রেক কখন ঘটে?
কারও পলিসি অন্যত্র নিয়ে যাওয়ার ক্ষেত্রে, পলিসিতে ব্রেক তখনই ঘটে যখন প্রদত্ত পলিসির ওপর প্রদেয় প্রিমিয়াম তার বর্তমান পলিসির প্রিমিয়াম নবীকরণের তারিখে বা আগে দেওয়া না-হয়। তুমি যদি তোমার পলিসি অন্যত্র নিয়ে যেতে চাও তাহলে বর্তমান পলিসির প্রিমিয়াম নবীকরণের তারিখের অন্তত 45 দিন আগে নতুন কোম্পানির কাছে আবেদন করতে হবে। বিমা কোম্পানি তোমার সমস্ত বিবরণ দেওয়ার 15 দিনের মধ্যে কোনো জবাব না-দিলে তোমার প্রস্তাব খারিজের অধিকার তাদের থাকে না।
দারুণ! এটা আমার জন্য সুখবর।
মনে রেখো, নন-লাইফ ইনসিয়োরেন্স কোম্পানিগুলির দ্বারা ফ্যামিলি ফ্লোটার পলিসি সহ সব ব্যক্তিগত স্বাস্থ্য বিমা পলিসিতেই পোর্টেবিলিটি অনুমোদিত।


Bima Bemisaal
আই আর ডী এ
irda
রঞ্জন ফ্রি লুক পিরিয়ড সম্বন্ধে শেখে
একদিন নিজের স্টাডি পরিষ্কার করার সময় রঞ্জন এক্সওয়াইজেড কোম্পানির একটা না-খোলা কাভার খুঁজে পায়। এটা এক জীবন বিমা পলিসি যা সে 6 মাস আগে কিনেছিল! ''ভালো ক্রয়'', এজেন্ট যখন তার কাছে যোজনাটা ব্যাখ্যা করে সেটা তখন খুব নিখুঁত বলে মনে হয়েছিল।
রঞ্জন পলিসিটা বের করে এবং সেটা পড়ে। বিস্ময়ের সঙ্গে সে দেখে যে এজেন্ট যা ব্যাখ্যা করেছিল এটা তা নয়। এটা এক সম্পূর্ণ আলাদা পলিসি, তাকে যা বলা হয়েছিল তার চেয়ে মেয়াদ বেশি এবং একটা রেগুলার পলিসি, অথচ এজেন্ট বলেছিল যে এটা সিংগ্‌ল প্রিমিয়াম! পরের দিনই রঞ্জন প্রথমে যে-কাজটা করে তা হল বিমা কোম্পানিতে যাওয়া।
দেখুন... আপনার এজেন্ট আমাকে এই পলিসিটা বিক্রি করেছিলেন। আমি যা চেয়েছিলাম তা এটা নয়। আমি এটা ফেরত দিতে চাই। দয়া করে আমার প্রিমিয়াম ফিরিয়ে দিন।
স্যার, আমি দুঃখিত যে এই পলিসিটা আমরা ফেরত নিতে পারি না। বিধি ও শর্তাবলি পড়ে দেখার জন্য আপনার কাছে পলিসিটা ডেলিভারির তারিখ থেকে 15 দিন সময় ছিল। একে ফ্রি লুক পিরিয়ড বলে। এই সময়ের মধ্যে, পলিসিটির বিধি ও শর্তাবলির প্রতি আপনার সম্মতি না-থাকলে আইনানুযায়ী আপনি পলিসিটা ফেরত দিয়ে রিফান্ড চাইতে পারতেন।
আমি জানি পলিসিটা আমার আগেই পড়া উচিত ছিল, কিন্তু আমাকে বলা হয়েছিল এক কথা আর বিক্রি করা হয়েছে আরেকটা। আমাকে ভুল পলিসি বিক্রি করা হয়েছে।
আপনার যদি এই বিক্রির ব্যাপারে কোনো নালিশ থাকে তাহলে দয়া করে আমাদের কোম্পানির গ্রিভান্স সেলে অ্যাপ্রোচ করুন ও অভিযোগ দায়ের করুন। তবে, আমরা অবশ্যই পরামর্শ দিই যে আপনি যে-পলিসি চেয়েছিলেন সেটাই পেয়েছেন কিনা তা পলিসিধারক হিসেবে পরীক্ষা করে নিশ্চিত হওয়া আপনারই কর্তব্য। আপনি পলিসিটির বিধি ও শর্তাবলির সঙ্গে সহমত পোষণ করেন কিনা সে-ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার জন্য 15 দিনের ফ্রি লুক পিরিয়ড আপনাকে মঞ্জুর করা হয়। সহমত না-হলে এই সময়ের মধ্যে অবশ্যই আপনি পলিসি বাতিল করতে চাইতে পারেন।
সমস্ত বিমা পলিসিরই কি ফ্রি লুক পিরিয়ড আছে?
স্যার, সমস্ত জীবন বিমা পলিসিরই ফ্রি লুক বিধান রয়েছে। তা ছাড়া তিন বছর বা তার বেশি মেয়াদের সমস্ত স্বাস্থ্য বিমা পলিসিরই ফ্রি লুক ব্যবস্থা রয়েছে।
আপনি ঠিক এই পলিসিটাই চেয়েছিলেন কিনা তা পরীক্ষার জন্য বিমা পলিসি পাওয়ার পরপরই আপনার বিমা পলিসিটি পড়ে নেওয়ার কথা মনে রাখুন।


Bima Bemisaal
রঞ্জন প্রোপোজাল ফর্ম পূরণ করে
রঞ্জনের তিনটি জীবন বিমা পলিসি এবং একটি মোটর বিমা পলিসি রয়েছে। সে একটা স্বাস্থ্য বিমা কাভারের প্রয়োজনীয়তা উপলব্ধি করে এবং এক্সওয়াইজেড কোম্পানির এক এজেন্টকে অ্যাপ্রোচ করে। তাকে পূরণ করার জন্য একটা প্রোপোজাল ফর্ম দেওয়া হয়। আগে কখনো প্রোপোজাল ফর্ম পূরণ করেছে বলে রঞ্জনের মনে পড়ে না। তার এজেন্টই সবসময় তার হয়ে এটা করে দিত।
এই ফর্ম ও কোনো কিছু পূরণ করার আমার সময় নেই। দয়া করে আমার হয়ে এগুলো পূরণ করে দিন –আমাকে শুধু বলুন কোথায় সই করতে হবে... ফর্ম পূরণ করাটা বিরক্তিকর।
কিন্তু স্যার, প্রোপোজাল ফর্মটা আপনার নিজেরই পূরণ করা উচিত। আপনাকে অবশ্যই সব ক'টা প্রশ্ন মনোযোগ দিয়ে পড়ে সত্যনিষ্ঠভাবে সমস্ত জবাব দিতে হবে।
দেখুন, আমি জানি না আপনি এ–ব্যাপারে জোর করছেন কেন... কেউ কখনো আমাকে এভাবে জ্বালায়নি... বোধহয় আমার আগেকার এজেন্টকে খুঁজে বের করাই আমার উচিত।
স্যার, একবার ভেবে দেখুন তো, আমি যদি এখানে প্রশ্নগুলোর ভুল জবাব দিই অথবা আসলে আপনার যে–কাভার প্রয়োজন সেটা ছাড়া অন্য কোনোটায় টিক চিহ্ন দিই... সেক্ষেত্রে ক্লেইম উত্থাপিত হলে আপনারই কি ক্ষতি হবে না? ভুল তথ্য অসত্যভাষণের সমতুল্য এবং আপনার দাবি নাকচ করতে পারে। তবে আপনি ফর্ম পূরণ করার সময় আমি আপনার কাছে বসে আপনাকে গাইড করতে পারি।
এই প্রথম আমি এ–রকম একটা পরামর্শ পেলাম এবং আমি সত্যিই আপনার সততা ও উদ্বেগের প্রশংসা করি। ধন্যবাদ! আমি অবশ্যই ফর্মটা পড়ে এখনই সই করব।
রঞ্জন প্রোপোজাল ফর্ম পূরণ করে এবং উপলব্ধি করে যে সেখানে যে-সব বিবরণ চাওয়া হয়েছে তা এজেন্টের পক্ষে জানা কখনোই সম্ভব ছিল না। সে সিদ্ধান্ত নেয় যে ইতিমধ্যে যে-পলিসিগুলো তার রয়েছে সেগুলোর প্রোপোজাল ফর্ম পরীক্ষা করে দেখা উচিত। তার দুশ্চিন্তা হচ্ছিল কীভাবে সেখানকার প্রশ্নগুলোর জবাব দেওয়া হয়েছে।
মনে রাখুন, আপনাকে অবশ্যই আপনার বিমা প্রোপোজাল ফর্ম নিজে পূরণ করতে হবে।


Bima Bemisaal
রঞ্জন লাইসেন্সপ্রাপ্ত মধ্যস্থতাকারীদের সম্পর্কে জানে
রঞ্জন তার বন্ধু মোহনের সঙ্গে লম্বা সাপ্তাহান্তিক ছুটি কাটাতে যোগ দেয়
হ্যালো, মোহন, তোমাকে আমার অবশ্যই বলা উচিত যে কোনো একজন উদ্যোগী ব্যক্তি আজ আমাকে কল করেছিলেন এবং আমাকে শুধু একটা প্রয়োজনীয় জীবন বিমা পলিসি দেওয়াই নয়, সেইসঙ্গে স্কলারশিপ ইত্যাদির মতো কিছু ইনসেন্টিভ দেওয়ারও প্রতিশ্রুতি দিয়েছেন। এটা এক উত্তম প্রস্তাব মনে হচ্ছে এবং আমি এটা নেওয়ার কথা ভাবছি।
'কোনো একজন' বলতে তুমি কী বোঝাচ্ছ রঞ্জন? তুমি কি চেক করেছ যে তিনি একজন লাইসেন্সপ্রাপ্ত এজেন্ট বা ব্রোকার কি না?
না, তবে তাতে কি কিছু এসে-যায়, যখন আমি নিজের প্রয়োজনীয় পলিসি এবং সেইসঙ্গে বিনামূল্যে বাড়তি কিছু পেয়ে যাচ্ছি?
হ্যাঁ, এসে-যায়... অনেকটাই এসে-যায়! প্রথমত, তোমাকে অবশ্যই বিমা নিয়ন্ত্রণ ও বিকাশ প্রাধিকরণ অর্থাৎ আই আর ডি এ দ্বারা লাইসেন্সপ্রাপ্ত এজেন্ট বা ব্রোকারের সঙ্গে ডিল করতে হবে এবং তারপর বিমা আইনের 41 ধারা অনুযায়ী প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোনো রিবেট অফার করাই শুধু অপরাধ নয়, তা গ্রহণও আইনত অপরাধ। একজন আইন মান্যকারী নাগরিক হিসেবে তাদের প্রলোভনে আমাদের পা দেওয়া উচিত নয়।
আমি তোমার সঙ্গে একমত, মোহন। আমি প্রায় আত্মহারা হয়ে গিয়েছিলাম।
রঞ্জন, মধ্যস্থতাকারীদের সম্পর্কে অধিক তথ্য জানতে তোমাকে অবশ্যই আইআরডিএ-র ওয়েবসাইট www.policyholder.gov.in ভিজিট করতে হবে। এই ওয়েবসাইট থেকে তুমি বিমা সংক্রান্ত অন্যান্য তথ্যও পেতে পারো। তাছাড়া পলিসিধারকদের জন্য ইংরেজি, হিন্দি এবং অন্যান্য ভারতীয় ভাষায় পুস্তিকাও পাওয়া যায়।
এই খবরের জন্য তোমাকে ধন্যবাদ মোহন। আমি অবশ্যই ওয়েবসাইটটা দেখে নেব।
শুধু লাইসেন্সপ্রাপ্ত মধ্যস্থতাকারীদের সঙ্গেই ডিল করবে। নকল কলারদের থেকে সাবধান।


Bima Bemisaal
রঞ্জন সার্ভেয়ারদের সম্পর্কে জানে
একদিন শেষ-সন্ধ্যায় ক্রমবর্ধমান যানবাহনের গোলকধাঁধার মধ্য দিয়ে পার হওয়ার সময় রঞ্জনের এক চরম দুর্দশাজনক অভিজ্ঞতা হয়, যখন এক ট্র্যাফিক জংশনে একটা লরি এসে পেছন থেকে তার গাড়িকে ধাক্কা মারে। সে কোনোরকমে গাড়িটা রাস্তার ধারে নিয়ে আসে। সৌভাগ্যবশত, গ্লাভস কম্পার্টমেন্টে তার বিমা কোম্পানির বিস্তারিত বিবরণ ছিল।
হ্যালো, স্যার, আমার নাম রঞ্জন এবং আপনার কোম্পানি থেকে আমার 1234567 নম্বরের একটি মোটর বিমা পলিসি রয়েছে। আমি আপনাকে আমার এবিসি 1234 নম্বরের রেজিস্ট্রেশন করা গাড়ির দুর্ঘটনার বিষয়ে জানাচ্ছি।
XYZ Insurance
আপনার গাড়ি এখন কোন্ এলাকায় রয়েছে?
আমি 5 নম্বর রোডের 4র্থ জংশনের কাছাকাছি রয়েছি। আমি গাড়িটা সার্ভিস সেন্টারে নিয়ে যাওয়ার প্ল্যান করছি।
শ্রী রঞ্জন, আমি গাড়িটা না-সরানোর জন্য আপনাকে অনুরোধ করছি। আপনার গাড়ি ও ক্ষয়ক্ষতি দেখতে আমি একজন সার্ভেয়ারকে পাঠাব।
একজন সার্ভেয়ার? তিনি কে এবং এ-ব্যাপারে তাঁর কী করার আছে? আমি শুধু আপনার সঙ্গে ডিল করব। আমি অন্য কোনো তৃতীয় পক্ষের সঙ্গে ডিল করতে চাই না।
স্যার, বিমা সার্ভেয়ার হচ্ছেন সেই ব্যক্তি যিনি বিমাকৃত গাড়ি কিংবা অন্য কোনো বিষয়বস্তুর ক্ষতির মূল্যায়ন করেন। যে-সার্ভেয়ারকে আমরা নিয়োগ করছি তিনি আমাদের হয়ে আপনার গাড়ির ক্ষয়ক্ষতির সার্ভে ও মূল্যায়ন করবেন।
কিন্তু তাঁর বিশ্বাসযোগ্যতা কী? আপনারা কীভাবে তৃতীয় এক পক্ষের রায়ের ওপর নির্ভর করেন। আমি এই ব্যবস্থা সম্বন্ধে আস্থাবান নই।
শ্রী রঞ্জন, আমি আপনাকে ব্যাখ্যা করে বলছি বিমা সার্ভেয়ার হচ্ছেন একজন পেশাদার যিনি সাধারণ বিমা ব্যবসা সম্পর্কে সার্ভেয়ার হিসেবে কাজ করার এবং ক্ষতি মূল্যায়নের জন্য বিমা নিয়ন্ত্রণ ও বিকাশ প্রাধিকরণ দ্বারা লাইসেন্সপ্রাপ্ত। আপনি নিশ্চিত থাকতে পারেন আমরা যে-সার্ভেয়ারকে পাঠাচ্ছি তিনি আইআরডিএ দ্বারা রীতিমতো লাইসেন্সপ্রাপ্ত। এখন আপনাকে তাঁর সঙ্গে যোগাযোগের বিবরণ দিচ্ছি... তাঁর কাছে আমাদের কোম্পানি থেকে দেওয়া একটা নিয়োগপত্র থাকবে।
ওহ্, আচ্ছা। তাহলে আমি দুর্ঘটনাস্থলে তাঁর আসার জন্য অপেক্ষা করব। দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ।
মনে রাখবেন, বিমা সার্ভেয়ারগণ 2000 সালের ইনসিয়োরেন্স সার্ভেয়র্স অ্যান্ড লস অ্যাসেসর্স (লাইসেন্সিং, প্রোফেশনাল রিকোয়ারমেন্ট্স অ্যান্ড কোড অব কন্ডাক্ট) রেগুলেশন্স-এর অধীনে প্রদত্ত বিধি অনুযায়ী আইআরডিএ দ্বারা সার্ভে ও ক্ষতির মূল্যায়নের জন্য লাইসেন্সপ্রাপ্ত পেশাদার।


Bima Bemisaal
irda
রঞ্জন প্রযুক্তির বিষয়ে সাধারণ জ্ঞান অর্জন করে
রঞ্জনকে একটা ব্যবসা সংক্রান্ত কাজে বিদেশে রওনা হতে হবে এবং সে সফরের জন্য পরিকল্পনায় ব্যস্ত। যাত্রার দিন এগিয়ে এলে তার সুহৃদ মোহন তাকে তাড়াতাড়ি একটা ভ্রমণ বিমা প্ল্যান করার পরামর্শ দেয়। সময়ের সঙ্গে চলতে চেয়ে রঞ্জন ওয়েবের মাধ্যমে একটা পলিসির জন্য আবেদন করার সিদ্ধান্ত নেয়।
রাধা, প্যাকিং-এর ব্যাপারে আমার এত কাজ রয়েছে যে তুমি কি ওয়েবে একটা ভ্রমণ বিমা পলিসির সন্ধান দিয়ে আমাকে সাহায্য করতে পারো? কেবল, কোনো সার্চ ইঞ্জিনে গিয়ে কিছু বিবরণ সংগ্রহ করো।
রঞ্জন, ওয়েবে একগাদা বিবরণ রয়েছে। xxx.xyz.com ওয়েবসাইটটা দ্যাখো। অনেকগুলো ভ্রমণ বিমা পলিসির অফার রয়েছে! আমাদের শুধু বেছে নিতে হবে!
এটা তো দারুণ। শুধু সবচেয়ে শস্তাটা বেছে নাও এবং এ-কাজটা দ্রুত সমাধা করা যাক... এক সেকেন্ড দাঁড়াও... মোহনের সঙ্গে একবার চেক করে নিতে দাও।
হে মোহন, এইমাত্র রাধা আর আমি একটা ভ্রমণ বিমার জন্যে ওয়েব চেক করছিলাম... বিভিন্ন বিমা কোম্পানির অনেকগুলো ওয়েবসাইট বহুরকম পলিসি অফার করছে। আমরা বাছতে গিয়ে হয়রান হয়ে পড়েছি এবং কোন্‌টা নেব সে-ব্যাপারেও রীতিমতো বিভ্রান্ত।
তুমি কি কোনো ব্রোকারের ওয়েবসাইট দেখছ? কোম্পানির নামে কি ‘ব্রোকার’ শব্দটা অন্তর্ভুক্ত?
ওহ! না, আমার তা মনে হয় না, কারণ ‘ব্রোকার’ শব্দটা কোথাও দেখা যাচ্ছে না। সম্ভবত এটা এমন এক পোর্টাল যারা বিমা পলিসির তথ্য সম্পর্কে বিশেষজ্ঞ।
রঞ্জন, বিমা নিয়ন্ত্রণ ও বিকাশ প্রাধিকরণ (আইআরডিএ) এইরকম পোর্টাল রেজিস্ট্রেশনের জন্য গাইডলাইন ইস্যু করেছে। সেগুলোকে ওয়েব এগ্রিগেটরর্স বলে। এইরকম যে-পোর্টাল তুমি খুঁজছ তা আইআরডিএ দ্বারা যথাযথভাবে রেজিস্টার্ড হওয়ার উচিত। এমন কোনো পোর্টালের মাধ্যমে পলিসির জন্য আবেদন কোরো না যা আইআরডিএ-র সঙ্গে রেজিস্টার্ড নয়।
মনে রেখো, শুধু আইআরডিএ দ্বারা লাইসেন্সপ্রাপ্ত ওয়েব এগ্রিগেটরর্সই বিভিন্ন বিমা কোম্পানির অফার-করা বিমা পলিসির বিষয়ে তথ্য দিতে পারে।

# রঞ্জন ক্যাশলেস পরিষেবা সম্পর্কে জানে

জীবন নানারকম চমকে পরিপূর্ণ, কখনো-সখনো তা মন্দ হয়। রঞ্জন তার প্রাতর্ভ্রমণ বাদ দেওয়ার মানুষ নয়। একদিন হঠাৎ কর্মক্ষেত্রে সে বুকে ব্যথা অনুভব করে। সে একজন কার্ডিয়োলজিস্টের সঙ্গে আলোচনা করে, যিনি তাকে একাধিক ব্লকের জন্য বাই-পাস সার্জারি করার পরামর্শ দেন। সে মোহনের সঙ্গে দেখা করতে যায়।













ক্যাশলেস সার্ভিস হচ্ছে বিমাকারী প্রদত্ত একটা বিশেষ ধরনের পরিষেবা যেখানে সংশ্লিষ্ট হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার সময় ব্যক্তিবিশেষকে হাসপাতালের ব্যয় মিটিয়ে দেওয়ার প্রয়োজন হয় না। কিছু পদ্ধতি সাপেক্ষে এই নিষ্পত্তি সরাসরি বিমা কোম্পানিই করে থাকে।
ওহ্, আমাকে এ-সম্বন্ধে আলোকপাত করানোর জন্য ধন্যবাদ, কিন্তু পদ্ধতিটা কী?
তাদের ইস্যু-করা আইডি কার্ডে তোমার টিপিএ-র বিবরণ পাওয়া যাবে। দয়া করে এক্ষুনি টিপিএ-র সঙ্গে যোগাযোগ করো। তোমার যদি আইডি কার্ড না-থাকে তাহলে কখনো কখনো বিমাকারী শনাক্তকরণের উদ্দেশ্যে পলিসি নম্বর এবং পাসপোর্ট / প্যান কার্ড / ভোটার কার্ডের ভিত্তিতেও ক্যাশলেস সুবিধে দেওয়ার সিদ্ধান্ত নিতে পারে। তবে এটা তোমাকে অবশ্যই মনে রাখতে হবে যে কেবলমাত্র বিমাকারী / টিপিএ-র নেটওয়ার্ক হাসপাতালগুলিতেই ক্যাশলেস সুবিধা পাওয়া যায়। সেগুলোই হচ্ছে নেটওয়ার্ক হাসপাতাল যারা একটা নির্দিষ্ট টিপিএ-র সঙ্গে চুক্তিতে আবদ্ধ হয়ে ক্যাশলেস সুবিধা অফার করে।
রঞ্জন টিপিএ-র সঙ্গে যোগাযোগ করে এবং জানতে পারে যে তার হাসপাতাল অবশ্যই একটি নেটওয়ার্ক হাসপাতাল।
TPA
হাসপাতালের সার্ভিস ডেস্ককে অ্যাপ্রোচ করুন এবং আপনাকে যে-পদ্ধতি পালনের পরামর্শ দেওয়া হয়েছে তা অনুসরণ করুন।
রঞ্জনের সফল অস্ত্রোপচার হয়ে যায়। মোহন তার সঙ্গে দেখা করে।
তোমাকে ফের সুস্থ দেখতে পেয়ে খুশি হয়েছি।
মোহন, স্বাস্থ্য বিমায় ক্যাশলেস দাবির ব্যাপারে যথাসময়ে তোমার পরামর্শের জন্য আমি তোমার কাছে কৃতজ্ঞ। তবে, আমার অন্য একটা সংশয় রয়েছে। জরুরি অবস্থায় হাসপাতালে ভর্তির ক্ষেত্রে কী হবে? দুর্ঘটনা, হার্ট অ্যাটাক প্রভৃতি ক্ষেত্রে তো আগেভাগে টিপিএ-কে অ্যাপ্রোচ করার সময় কেউ পায় না।
বিমাকৃত রোগীকে তড়িঘড়ি হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে যেতে পারো এবং পরিবারের কেউ টিপিএ-র সঙ্গে যোগাযোগ করতে কিংবা ক্যাশলেস সুবিধার অনুমোদন নিতে টিপিএ-র সঙ্গে যোগাযোগ করার জন্য হাসপাতালের হেল্প ডেস্ককে আইডি কার্ডের বিবরণ দিতে পারো।
মনে রাখবেন, অধিকাংশ স্বাস্থ্য বিমা পলিসিই ক্যাশলেস সুবিধা অফার করে। এটার জন্য প্রয়োজনীয় নথিকরণ ও প্রক্রিয়ার সঙ্গে নিজেকে পরিচিত করুন।

# এই সিরিজ সম্বন্ধে

এই খণ্ডটি শুধু আপনাকে সাধারণ তথ্য দেওয়ার জন্য বিমা নিয়ন্ত্রণ ও বিকাশ প্রাধিকরণ দ্বারা ডিজাইন-করা হয়েছে। এখানে প্রদত্ত কোনো তথ্যই বিমা পলিসির বিধি ও শর্তাবলি প্রতিস্থাপন বা বাতিল করে না।

পলিসি সম্পর্কে নির্দিষ্ট তথ্যের জন্য কিংবা অন্য কোনো অতিরিক্ত তথ্যের জন্য দয়া করে একজন লাইসেন্সপ্রাপ্ত এজেন্ট বা ব্রোকার অথবা আইআরডিএ-র কাছে নথিভুক্ত কোনো বিমা কোম্পানিকে অ্যাপ্রোচ করুন।

बिমা বিনিয়ামক ও বিকাশ প্রাধিকরণ

INSURANCE REGULATORY AND DEVELOPMENT AUTHORITY

*বিমা সংবর্ধন। বিমাগ্রাহককে সুরক্ষাদান*

**অস্বীকারোক্তি**

এই খণ্ডটির উদ্দেশ্য আপনাকে শুধু সাধারণ তথ্য দেওয়া, এবংএটা সম্পূর্ণ নয়। এটা এক শিক্ষার উদ্যোগ এবংআপনাকে কোনো আইনি উপদেশ দিতে চায় না।

Designed by Mindset

বিমা হচ্ছে আবেদনের বিষয়বস্তু।